

২৫ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

মেক্সিকো সিটিস্থ বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদায় গণহত্যা দিবস-২০২২ উদযাপন

মেক্সিকো সিটিস্থ বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ২৫শে মার্চ গণহত্যা দিবস-২০২২ পালন করা হয়। দিবসের প্রথম ভাগে জাতীয় সঙ্গীতের মূর্ছনার সাথে রাষ্ট্রদূত জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর এ দিবস উপলক্ষে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয় এবং এক মিনিট নীরবতা পালনের মধ্য দিয়ে গণহত্যায় নিহত সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সেইসাথে শহীদদের বিদেহী আত্মার শান্তি কামনা করে বিশেষ প্রার্থনা করা হয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রেরিত বিশেষ প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

রাষ্ট্রদূত আবিদা ইসলাম তার বক্তৃতায় একাত্তরের ২৫ মার্চের কালরাতে গণহত্যার শিকার সকল শহীদ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং সকল মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বাংলাদেশের গণহত্যার ভয়াবহতা, আন্তর্জাতিক সম্প্রদায় কর্তৃক এর স্বীকৃতির যথার্থতা এবং গুরুত্ব তুলে ধরেন। তিনি অচিরেই জাতিসংঘ কর্তৃক এই গণহত্যার স্বীকৃতির বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

মেক্সিকো সিটি, ২৫ মার্চ



Shahana Akter Rana
Counselor
Embassy of Bangladesh
Mexico City, Mexico